আঁধার রাতে একলা পাগল যায় কেঁদে ।
বলে শুধু, 'বুঝিয়ে দে, বুঝিয়ে দে, বুঝিয়ে দে ॥
আমি যে তোর আলোর ছেলে –
আমার সামনে দিলি আঁধার মেলে,
মুখ লুকালি – মরি আমি সেই খেদে ।
বুঝিয়ে দে, বুঝিয়ে দে, বুঝিয়ে দে ॥
অন্ধকারে অস্তরবির লিপি লেখা,
আমারে তার অর্থ শেখা ।
তোর প্রাণের বাঁশির তান সে নানা
সেই আমারই ছিল জানা,
আজ মরণ-বীণার অজানা সুর নেব সেধে |
বুঝিয়ে দে, বুঝিয়ে দে, বুঝিয়ে দে ॥'

---

Parjaay: Puja, Taal: Kaharwa, Raag: Kanara-Khambaj
Visit www.geetabitan.com for notation and other detail